

জানি জানি তোমার প্রেমে সকল প্রেমের বাণী মেশে,  
আমি সেইখানেতেই মুক্তি খুঁজি দিনের শেষে ॥  
সেথায় প্রেমের চরম সাধন, যায় খসে তার সকল বাঁধন—  
মোর হৃদয়পাখির গগন তোমার হৃদয়দেশে ॥  
ওগো, জানি আমার শ্রান্ত দিনের সকল ধারা  
তোমার গভীর রাতের শান্তিমাবে ক্লান্তিহারা ।  
আমার দেহে ধরার পরশ তোমার সুধায় হল সরস—  
আমার ধুলারই ধন তোমার মাঝে নূতন বেশে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Baul

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail